

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৯৩২

তারিখ : ১৩/১১/২০১৬খ্রিঃ

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা “সবার জন্য বাসস্থান” নিশ্চিতকরণার্থে জেলা ও উপজেলা পর্যায়ে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন।

- সূত্র- ০১। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৮৩০, তারিখঃ ১৬/১০/২০১৬ খ্রিঃ।
০২। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৬৩৪, তারিখঃ ১৮/০৮/২০১৬ খ্রিঃ।
০৩। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-২৭৩, তারিখঃ ৩১/০৫/২০১৬ খ্রিঃ।
০৪। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৬৭, তারিখঃ ২৭/০৪/২০১৬ খ্রিঃ।
০৫। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৪০, তারিখঃ ১৯/০৪/২০১৬ খ্রিঃ।
০৬। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৪৩২, তারিখঃ ২২/০৬/২০১৬ খ্রিঃ।
০৭। ০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৩২.২০১৬-৮২৪, তারিখঃ ১০/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০১৯ সালের মধ্যে সবার জন্য বাসস্থান নিশ্চিত করার ঘোষণা দিয়েছেন। প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর এই মানবিক প্রতিশ্রুতি “সবার জন্য বাসস্থান” নিশ্চিতকরা মাঠ প্রশাসনের কর্মকর্তা হিসেবে জেলা প্রশাসকগণের সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত দায়িত্বরূপে বিবেচনা করা সমীচীন হবে।

“সবার জন্য বাসস্থান” নিশ্চিত করতে হলে প্রথমেই গৃহহীনদের একটি নির্ভুল তালিকা প্রণয়ন করা প্রয়োজন। এ বিষয়ে সূত্রে বর্ণিত পত্রগুলোর মাধ্যমে মাঠ পর্যায়ে বার বার যোগাযোগ করা হয়েছে, জেলা প্রশাসকগণকে ডিডিও কনফারেন্সিং এবং টেলিফোনের মাধ্যমেও অনুরোধ করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত সকল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। যে সকল জেলা হতে তথ্য পাওয়া গেছে তাও অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত। কোন কোন জেলা হতে শ্রেণি বিভক্ত না করেই গৃহহীনদের তালিকা প্রেরণ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করতে হলে জেলা ও উপজেলা পর্যায়ে সকল গৃহহীনকে পুনর্বাসনের জন্য একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা একান্ত প্রয়োজন। যে সকল পরিবারে জমি বা ঘর কোনটাই নেই তাদের “ক” শ্রেণি, যাদের (০১-১০) শতাংশ জমি আছে কিন্তু কোন ঘর নেই বা ঘর নির্মাণ করার সামর্থ্য নেই তাদের “খ” শ্রেণি এবং যাদের (০১-১০) শতাংশ জমি আছে এবং জরাজীর্ণ ঘর আছে তাদের “গ” শ্রেণিভুক্ত করার নির্দেশনা ইতোমধ্যে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসকগণকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

বর্ষিতাবস্থায়, তাঁকে তাঁর জেলাধীন উপজেলাসমূহের গৃহহীনদের যথাযথ তালিকা প্রণয়নপূর্বক ২০১৯ সালের মধ্যে তাদের পুনর্বাসনকল্পে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা ৩০ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


আবুল কালাম শামসুদ্দিন (মুখ্য-সচিব)

প্রকল্প পরিচালক

☎ : ৯১২৪১০০

E-mail: ashrayanpmo@gmail.com
www.ashrayanpmo.gov.bd

জেলা প্রশাসক (সকল)

----- জেলা

অনুলিপিঃ

০১। বিভাগীয় কমিশনার (সকল)

----- বিভাগ।

০২। মুখ্যসচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল)।

----- উপজেলা।

০৪। অফিস কপি।

D\Arif Mo\letter